দৈনিক ইনকিলাব

তারিখ 19 DEC 1993
পৃষ্ঠা ৫ কলাম ৫

## শিক্ষাঙ্গন

### ৪৫ হাজার ডিগ্রী পরীক্ষার্থীর ভবিষ্যৎ কি অনিশ্চিত?

সদ্য প্রকাশিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার পাসের ৪৪.৬২% এবং অকৃতকার্যের হার ৫৫.৩৮% ফলাফল প্রকাশিত হওয়ার পূর্বের দিন পত্রিকায় অকৃতকার্য ডিগ্রী পরীক্ষার্থীদের ভবিষ্যৎ অনিশ্চিত হওয়ার খবর প্রকাশিত হয়। এ খবরে আরও জানানো হয় যে, অকৃতকার্য ডিগ্রী পীরক্ষার্থীদের পরীক্ষা ঢাঃবিঃ বিদ্যালয় কিংবা জাতীয় বিশ্ববিদ্যালয় গ্রহণ করতে অস্বীকৃতি জানায়। অথচ অকৃতকার্য ডিগ্রী পরীক্ষার্থীদের পরীক্ষা স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের গ্রহণ করার কথা। ইতোমধ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্বদ্যিালয় অকৃতকার্য ডিগ্রী পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে যোগাযোগ করলে জানানো হয় যে, গত ২৭ শে নভেম্বরে দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে মিটিং হয় এবং অকৃতকার্য ডিগ্রী পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণে ঢাঃবিঃ বিদ্যালয় সম্মতি প্রকাশ করে। কিন্তু এই পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত কোন পত্র-পত্রিকায় কিংবা রেডিও-টিভিতে প্রকাশ না করায় পরীক্ষার্থীদের উদ্বেগ আরও বৃদ্ধি পায়। তাছাড়া পরীক্ষার্থীদের ফরম ফিলাপ ও পরীক্ষার তারিখ জানানো হয়নি। অথচ কম্পার্টমেন্টাল পরীক্ষার তারিখ প্রকাশ করা হয়েছে। পরীক্ষার্থীদের ভাল প্রস্তুতির জন্য উপরোক্ত বিষয়গুলো অবশ্যই ৩/৪ মাস পূর্বে জানা আবশ্যক। এমতাবস্থায় ঢাঃবিঃ বিদ্যালয়ের অধীনে অকৃতকার্য ডিগ্রী পীরক্ষার্থীদের ফরম ফিলাপ ও পরীক্ষার তারিখ সঠিক সময়ে প্রকাশ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—মোঃ শাখাওয়াত হোসেন,
কাজী আজিম উদ্দিন কলেজ,
জয়দেবপুর, গাজীপুর।